চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি
বাওয়া ও অংকুর বিদ্যালয়ের শিক্ষার্থীদের
হাতে বই তুলে দিলেন সিটি মেয়র।

চট্টগ্রাম -১ জানুয়ারী -২০১৯

আজ শুরু হয়েছে নতুন বছর,শিক্ষার্থীদের জন্য নতুন শিক্ষাবর্ষ।নতুন বছরের প্রথমদিনে আনুষ্ঠানিকভাবে সরকারের শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত বিনামুল্যে পাঠ্যপুস্তক বিতরণ আজ থেকে শুরু হয়েছে। বাংলাদেশ মহিলা সমিতি বালিকা সমিতি বিদ্যালয় ও কলেজের সভাপতি সিটি মেয়র আ.জ.ম.নাছির উদ্দীন আজ মঙ্গলবার সকালে বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ(বাওয়া) এবং অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের হাতে বই তুলে দিয়ে এই কার্যক্রমের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয়। বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের প্রায় আট হাজার এবং অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীর মাঝে বার হাজার বই বিনামুল্যে বিতরন করা হয়। এই উপলক্ষে বাওয়া বিদ্যালয় প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান আনোয়ারা বেগম সভাপতিত্ব করেন । সভায় অন্যান্যের বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ পরিচালনা কমিটি সদস্য জামশেদুল আলম চৌধুরী,শফিকুল আলম,জিয়াউদ্দিন শাহীন,মোহাম্মদ সালাউদ্দিন শিক্ষক প্রতিনিধি আবদুল মোমিন,শিমুল মহুরী ও হাসিনা বেগম উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র আ.জ.ম. নাছির উদ্দীন বলেন আমাদের সময় শিক্ষার্থীরা পুরাতন বই পড়ে লেখা পড়া করেছে। আর তোমরা বছরের প্রথম দিনেই নতুন বই পেয়েছে। এ ধরণে উদ্যোগ বাস্তবায়ন সত্যিই দুর্লভ ও কঠিন কাজ । বর্তমান সরকারের আন্তরিকতা,সদিচ্ছার কারণে এ ধরণে একটি দুরহ কাজকে সম্ভব করা হয়েছে। তার জন্য মেয়র বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ,শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। মেয়র আরো বলেন সরকারে শিক্ষা মন্ত্রণালয় আজ থেকে সারাদেশে একযোগে নতুন বই বিতরনের কমসূচী শুরু করেছে। তারা এদিনটির নাম দিয়েছে পাঠ্যপুস্তক উৎসব । এই কমসূচীর অংশ হিসেবে আজ নববর্ষে সারাদেশে ৪ কোটি ২৬লক্ষ ১৯ হাজার ৮৬৫ জন ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামুল্যে ৩৫ কোটি ২১লক্ষ ৯৭ হাজার ৮৮২টি নতুন বই দেয়া হচ্ছে। তিনি বলেন সরকারের রাজস্ব বাজেটের একটি বহৎ অংশ এই খাতে ব্যয় করা হচ্ছে। এই উদ্যোগের মুল উদ্দেশ্যে হচ্ছে ছেলে-মেয়েদের শিক্ষাদীক্ষায় জ্ঞান বিজ্ঞানে স্বনির্ভর করা । দেশের ধারক-বাহক আগামী প্রজম্মের সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করার জন্য সরকার এ ধরনের উদ্যোগ গ্রহণ করেছে। সিটি মেয়র বলেন স্বাধীনতার পর আমরা বহুক্ষেত্রে সাফল্য অর্জন করেছি। এই অর্জনকে ধরে রাখতে পারলে দেশ স্বনির্ভরতা অর্জনে সক্ষম হবে। তিনি উল্লেখ করেন,বাওয়া স্কুল অত্র অঞ্চলের ঐতিহাসিক ও স্বনামধন্য স্কুল । আর যারা এ প্রতিষ্টানটি প্রতিষ্ঠা করে গেছেন মেয়র তাদেরকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন। এই প্রসংগে মেয়র বলেন, ছাত্র-ছাত্রীদের ভাল ফলাফল করা এবং মেধা ও প্রতিভা বিকাশে স্কুলের শিক্ষিকদের একা দায়িত্ব পালন করা সম্ভব নয়-অভিভাবক মহলেরও দায়িত্ব রয়েছে। অভিভাবকরা তাদের সন্তানদের নিয়মিত স্কুলে আসা -যাওয়া, পড়া লেখার বিষয়টি খেয়াল রাখার জন্য অনুরোধ করেন মেয়র।

অংকুর উচ্চ বালিকা বিদ্যালয় ঃ এরপর নাছিরবাদ অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়ের সভাপতি সিটি মেয়র আ.জ.ম.নাছির উদ্দীন অংকুর সোসাইটি বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বিনামুল্যে বই বিতরণ করেন। এই সময় প্রতিষ্ঠান প্রধান লিলি বড়ুয়া, বিদ্যালয় পরিচালনা পর্যদের সদস্য মুহাম্মদ শাহ আলম,সৈয়দ শাহরিয়া পারভেজ,শিপ্তী মহাজন,শিক্ষক প্রতিনিধি দেল আফরোজ খানম,এহসানুজ্জমানও সহকারী শিক্ষক চন্দন কুমার দাশ এবং সোসাইটির সাবেক পরিচালক মোহাম্মদ সাজ্জাদও প্রকৌশলী হারাধান আচার্য প্রমুখ উপস্থিত ছিলেন।
এছাড়া চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মাধ্যমিক,প্রাথমিক ও কিন্ডার গার্টেন বিদ্যালয়ের ৪০ হাজার শিক্ষার্থীদের মাঝে **০৪ লক্ষ বিনামু**ল্যে বই বিতরণ করা হয়। শিক্ষা প্রতিষ্টান প্রধানরা এ বই বিতরণ করেন।

প্রধানমন্ত্রীসহ নির্বাচিত সাংসদের প্রতি
প্রাণঢাল অভিনন্দন সিটি মেয়রের

চট্টগ্রাম- ১জানুয়ারি-২০১৯ইংরেজী।
একাদশ জাতীয় সংসদ নির্বাচনে মাননীয় প্রধানমন্ত্রীসহ চট্টগ্রামের ১৬ আসনে জয়ী প্রার্থীদের প্রাণ ঢালা অভিভন্দন জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। আজ মঙ্গলবার এক অভিনন্দন বার্তায় মেয়র বলেন, নির্বাচিত সংসদ সদস্যরা মুক্তিযুদ্ধের চেতনায় উদ্ধুদ্ধ হয়ে দেশমাতৃকার সেবায় নিজেদেরকে নিয়োজিত রাখবেন। বিগত দশ বছর বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা নেতৃত্ব এদেশের উন্নয়ন ও সংস্কার কর্মকান্ডের বহু কীর্তিই আজ বিশ্বের কাছে মডেল হিসেবে অনুকরণীয় হয়ে উঠেছে। যার ফলশ্রুতিতে বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃতি পেয়েছে। এই উন্নয়নের ধারাবাহিকতায় রুপকল্প ২০২১ ও রুপকল্প ২০৪১ বাস্তবায়নে নির্বাচিত জনপ্রতিনিধিরা নিরসলভাবে কাজ করে দুনীতিমুক্ত বাংলাদেশ গড়ে তোলার ক্ষেত্রে তারাঁ যেন নিজকে নিয়োজিত রাখে এটাই সিটি মেয়র প্রত্যাশা করেন।

চট্টগ্রাম মহানগরীর ৬টি সংসদীয় আসন শেখ হাসিনাকে উপহার দেয়ায় জননেতা
সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনকে সম্মিলিত সংস্কৃতিক কর্মী পর্ষদের অভিনন্দন

চট্টগ্রাম- ০১ জানুয়ারি ২০১৯
চট্টগ্রাম মহানগর এলাকাধীন বাকলিয়া-কোতোয়ালী,পাহাড়তলী-ডবলমুরিং,বন্দর-পতেঙ্গাসহ নগরের আংশিক আরো ৩টি সংশ্লিষ্ট সংসদীয় আসন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উপহার দিয়ে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন তাঁর বলিষ্ট রাজনৈতিক অঙ্গীকার পালন করায় সম্মিলিত সংস্কৃতিক কর্মী পর্ষদ,চট্টগ্রামের পক্ষ থেকে গতকাল নগরভবনস্থ মেয়র দপ্তরে তাঁকে অভিনন্দিত করেছে। সংস্কৃতিক কর্মীদের মধ্যে যারা অভিনন্দন জানিয়েছেন তারা হলেন, বিজ্ঞাণ ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপচার্য প্রফেসর ড. প্রকৌশলী রফিকুল আলম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ উপাচার্য প্রফেসর ড. শিরীন আখতার, বরেণ্য বুদ্ধিজীবী কবি ও সাংবাদিক অরুণ দাশ গুপ্ত, মুক্তিযোদ্ধা ও সাংবাদিক নাসিরুদ্দিন চৌধুরী, সম্মিলিত পেশাজীবি সমন্বয় পরিষদের সভাপতি ডা. এ কিউ এম সিরাজুল ইসলাম, সম্মিলিত সাংস্কৃতিক জোট চট্টগ্রাম বিভাগীয় সদস্য সচিব্র আহমেদ ইকবাল হায়দার, সাংস্কৃতিক ব্যক্তিত অরুন চন্দ্র বণিক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চট্টগ্রাম জেলা ইউনিট কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মো. সাহাব উদ্দিন, মহানগর ইউনিট কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মোজাফফর আহমদ, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সহ সভাপতি রিয়াজ হায়দার চৌধুরী, চট্টগ্রাম প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শুকলাল দাশ, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক হাসান ফেরদৌস, আইইবি চট্টগ্রাম কেন্দ্রের ভাইস চেয়ারম্যান প্রকৌশলী প্রবীর কুমার সেন,সম্মানী সম্পাদক প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, চসিক কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, জেলা শিল্প কলা একাডেমীর সাধারন সম্পাদক সাইফুল আলম বাবু, বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট চট্টগ্রাম জেলার সভাপতি অনুপ বিশ্বাস, নাগরিক উদ্যোগ চট্টগ্রামের প্রধান সমন্বয়ক খোরশেদ আলম,

সম্মিলিত আবৃত্তি সমন্বয় পরিষদ চট্টগ্রাম এর সভাপতি বাচিক শিল্পী রাশেদ হাসান, সাধারন সম্পাদক বাচিক শিল্পী মাহবুবুর রহমান মাফুজ, নজরুল শিল্পী সংস্থার সভাপতি শিল্পী মৃনাল ভট্টচার্য্য, সাধারন সম্পাদক শিল্পী দিপেন চৌধুরী,গ্রুপ থিয়েটার ফেডারেশন চট্টগ্রামের বিভাগীয় সভাপতি খালেদ হেলাল,সাধারণ সম্পাদক শাহ আলম,সম্মিলিত আবৃতি জোটের সভাপতি বাচিক শিল্পী অঞ্চল চৌধুরী, সাধারণ সম্পাদক বাচিক শিল্পী মশরুর হোসেন, জেলা শিল্পকলা একাডেমির সহ সভাপতি জাহাঙ্গীর কবির, যুগ্ম সম্পাদক মাইনুদ্দিন কোহেল, হাসান জাহাঙ্গীর, সদস্য কংকন দাশ, সাইদুল আজাদ,বাপ্পা চৌধুরী,সম্মিলিত লেখক জোটের আহবায়ক আ ফ ম মোদাচ্ছের আলী,সমন্বয়ক রাজীব রাহুল, মুক্তিযুদ্ধ একাডেমী ট্রাষ্টের সদস্য সচিব ড.ফয়সাল কামাল,বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা চট্টগ্রাম জেলার সভাপতি সুশান আনোয়ার চৌধুরী, সাধারণ সম্পাদক এড.এম হোছাইন রানা, চট্টগ্রাম মঞ্চ শিল্পী সংস্থার সভাপতি সঙ্গীত শিল্পী আলাউদ্দিন তাহের, সাধারন সম্পাদক সংগীত শিলপী কামরুল আজম চৌধুরী টিপু,স্বাধীন বাংলা বেতার টেলিভিশন শিলপী জয়ন্তী লালা, কল্পনা লালা, সুজিত রায়,কায়সারুল আলম,শিল্পী ইকবাল হায়দার,আবদুর রহিম,বোধন আবৃতি পরিষদের কার্যনির্বাহী সদস্য বাচিক শিল্পী পঞ্চানন চৌধুরী, তারুন্যের উচ্ছ্বাসের সাধারণ সম্পাদক বাচিক শিল্পী এড. মুজাহিদুল ইসলাম,বাচিক শিল্পী মিলি চৌধুরী, বাচিক শিল্পী ফারুক তাহের,নৃত্য শিল্পী শুভ্রাসেন গুপ্তা,ফজল আমিন শাওন,তরুন চক্রবর্তী,সোমা বোস, চারু কলা শিল্পী তানভিরুল ইসলাম নাহিদ, মনোরঞ্জন কীর্ত্তনীয়া, সংস্কৃতি কর্মী কবি সজল দাশ,নজরুল ইসলাম মুস্তাফিজ, সুজিত চৌধুরী মিন্টু, দিলীপ সেন গুপ্ত, সুজিত দাশ অপু প্রমুখ অভিনন্দন বার্তায় তাঁরা বলেছেন, আ জ ম নাছির উদ্দীন তাঁর সুদক্ষ নেতৃত্বে মহানগর আওয়ামী লীগকে ঐক্যবদ্ধ করে নগরীর সংসদীয় আসনগুলোতে বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত ও মহাজোট প্রার্থীদের বিজয় নিশ্চিত করতে সংগঠনের তৃণমুল স্তরের নেতা-কর্মীদের উজ্জীবিত করেন। তাঁর অক্লান্ত পরিশ্রম ও সুচিন্তিত নির্দেশনায় প্রতিটি ভোট কেন্দ্রে সুশৃংখল কর্মী বাহিনী অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করেছেন। এ ক্ষেত্রে আ জ ম নাছির উদ্দীন সফলতা ও সক্ষমতার পরীক্ষায় শতভাগ উত্তীর্ণ হয়েছেন। তাঁরা আরো বলেন, মেয়র চট্টগ্রামের সার্বিক উন্নয়নে নির্বাচিত সংসদ সদস্যদের সহায়তায় সচেস্ট থেকে একটি আধুনিক নগর বিনির্মাণে তাঁর অবিরাম ও অব্যাহত প্রয়াস চালিয়ে যাবেন বলে তারা প্রত্যাশা করেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন